

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৭৮

শান্তিরবাজার, ৭ নভেম্বর, ২০২৩

রাজ্যভিত্তিক ওয়া উৎসবের উদ্বোধন
জনজাতিগোষ্ঠীর মানুষের ভাষা ও সংস্কৃতির
বিকাশে সরকার কাজ করছে : কেন্দ্রীয় প্রতিমন্ত্রী

শান্তিরবাজার মহকুমার তৈকর্ম দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে ২ দিনব্যাপী রাজ্যভিত্তিক ওয়া উৎসব শুরু হয়েছে। গতকাল সন্ধ্যায় কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক এই উৎসবের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমবায়মন্ত্রী শুল্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক মাইলাফু মগ, এমডিসি কংজং মগ, এমডিসি সঞ্জীব রিয়াং বৌদ্ধ ধর্ম ভিক্ষু ক্ষেমাসরা ভিক্ষু প্রমুখ।

রাজ্যভিত্তিক ওয়া উৎসবের উদ্বোধন করে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বলেন, ওয়া উৎসব এই রাজ্যের মগ জনজাতিদের এক ঐতিহ্যময় উৎসব। এই উৎসবে জাতি-জনজাতি অংশের মানুষের এক মিলন উৎসব। তিনি বলেন, সরকার রাজ্যের সমস্ত জনজাতিগোষ্ঠীর মানুষের ভাষা ও সংস্কৃতির বিকাশে কাজ করছে।

অনুষ্ঠানে সমবায়মন্ত্রী শুল্লাচরণ নোয়াতিয়া বলেন, সরকার রাজ্যের প্রত্যেক জনজাতিগোষ্ঠীর কৃষ্টি-সংস্কৃতি ও ভাষার বিকাশে কাজ করছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মগ সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের সম্পাদক দোয়ং মগ। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিধায়ক মাইলাফু মগ। উৎসব উপলক্ষে ২টি স্বসহায়ক দল সহ রাজ্য সরকারের ১০টি দপ্তর প্রদর্শনী মন্ডপ খুলেছে। তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে ২ দিনব্যাপী রাজ্যভিত্তিক ওয়া উৎসবে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
